

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
ঢাকা।

নথি নং- ১(৯) শুল্ক মূল্যঃ(PSI-বিবিধ)/৯৯/৩৫৮,

তারিখ : ১৬/০৭/২০০১ ইং।

আদেশ

বাধ্যতামূলক প্রি-শিপমেন্ট ইনসপেকশনের আওতাভুক্ত পণ্য সরকার কর্তৃক নিযুক্ত পরিদর্শন সংস্থার দ্বারা প্রি-শিপমেন্ট ইনসপেকশন না করাওয়া আমদানি পূর্বক শুল্কায়নের জন্য শুল্ক ভবন/স্টেশনে বিল অব এন্ট্রি দাখিল করা হলে উক্ত পণ্য/পণ্যচালান শুল্কায়নের পূর্বে নিম্ন-বর্ণিত ব্যবস্থা গ্রহণ করতে হবে :

- (ক) পণ্যচালানটির জন্য নথি খুলতে হবে;
- (খ) প্রত্যেকটি নথি কমিশনারের নিকট উপস্থাপন করতে হবে;
- (গ) পণ্য চালানটির বিপরীতে CRF ইস্যু হয়েছে কীনা সে তথ্য PSI সংস্থার নিকট হতে টেলিফোনে জেনে নিতে হবে;
- (ঘ) পণ্য চালানটি ১০০% কায়িক পরীক্ষা করতে হবে; প্রয়োজন হলে রাসায়নিক পরীক্ষাও সম্পন্ন করতে হবে;
- (ঙ) পণ্য চালানের শুল্কায়নযোগ্য মূল্য নির্ধারণে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করতে হবে। অর্থাৎ সম্ভাব্য সকল উৎস থেকে এ ধরনের পণ্যের মূল্য তথ্য যাচাই করতে হবে। পণ্যটির আন্তর্জাতিক বাজার মূল্য সম্পর্কে তথ্য সংগ্রহের জন্য PSI সংস্থাসমূহের সহযোগিতা গ্রহণ করতে হবে;
- (চ) এ ধরনের ক্ষেত্রে Transaction value method, Identical method, Similar method, Deductive method এবং Computed method এর ধারাবাহিক প্রয়োগের মাধ্যমে শুল্কমূল্য নির্ধারণ করা না গেলে Fall back method প্রয়োগ করা যেতে পারে;
- (ছ) ১% হারে চবাও সার্ভিস চার্জ আদায় করতে হবে;
- (জ) Customs Act, ১৯৬৯ এর ১৬৫(১) এর Table এর ক্রমিক ১১A প্রয়োগ করতে হবে;
- (ঝ) এ ধরনের পণ্য চালান সম্পর্কিত তথ্যাদি মাসিক ভিত্তিতে (আমদানিকারকের নাম, রপ্তানিকারকের নাম, ঘোষিত মূল্য, শুল্কায়িত মূল্য ইত্যাদি) বোর্ডে প্রেরণ করতে হবে; এবং
- (ঞ) আমদানি নীতি আদেশের সকল শর্তাদি পালিত হয়েছে কীনা তাও নিবিড়ভাবে পরীক্ষা করে দেখতে হবে।

০২। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-  
( আবুল কাসেম )  
সদস্য (শুল্ক)।